

# একনজরে এবারের ডাকসু নির্বাচন

ইউএনবি



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) ও হল সংসদ  
নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহের সময় শেষ হয়েছে।

তফসিল অনুযায়ী, ১২ আগস্ট থেকে শুরু হয়ে সোমবার (১৮  
আগস্ট) বিকেল ৪টা পর্যন্ত কেন্দ্রীয় ছাত্রসংসদে ৫৬৫টি ও হল  
সংসদ নির্বাচনে মোট ১২২৬টি মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত নবাব নওয়াব  
আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় ডাকসু নির্বাচনের চিফ  
রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিনের অফিস  
থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন পদপ্রার্থীরা।

মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় আগামীকাল মঙ্গলবার  
(১৯ আগস্ট) বিকেল ৩টা।

যাচাই-বাছাই শেষে ২১ আগস্ট দুপুর ১টায় চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে। এর আগে গত ২৯ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন ২০২৫-এর তফসিল ঘোষণা করা হয়।

### **ডাকসুর মনোনয়ন সংগ্রহ করেছেন ৫৬৫ জন**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচনের জন্য মোট ৫৬৫টি মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছে। শেষ দিনে ৪৪২ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

সোমবার (১৮ আগস্ট) সন্ধ্যা ৬টায় চিফ রিটার্নিং কর্মকর্তা সংবাদ সম্মেলনে এই তথ্য জানিয়েছেন।

এ ছাড়া ১৮টি হল সংসদ নির্বাচনে মোট ১২২৬টি মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছে।

### **এখনো প্যানেল ঘোষণা করেনি ছাত্রদল**

ডাকসু নির্বাচনের মনোনয়ন সংগ্রহের শেষ দিন হলেও সাংগঠনিকভাবে চূড়ান্ত প্যানেল ঘোষণা করেনি ছাত্রদল। তবে ছাত্রদলের নেতারা পৃথকভাবে মনোনয়ন সংগ্রহ করেছেন।

আজ সোমবার (১৮ আগস্ট) সন্ধ্যায় ছাত্রদলের পক্ষ থেকে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সেখানে ছাত্রদলের নেতারা অভিযোগ করেন, ডাকসু নির্বাচনের মনোনয়ন ফরম গ্রহণের শেষ দিনে ছাত্রদলের মনোনয়ন প্রার্থী কয়েকজনকে বাধা

দেওয়া হয়েছে। মব উসকে দিয়ে ছাত্রদলের শিক্ষার্থীদের  
মনোনয়ন ফরম তুলতে বাধা দেওয়া হচ্ছে। এ ঘটনায় ডাকসু  
নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ  
দিয়েছে তারা।

এদিকে ডাকসু সহসভাপতি (ভিপি) পদে মনোনয়নপত্র সংগ্রহ  
করেছেন ছাত্রদল কেন্দ্রীয় সংসদের ১ নং যুগ্ম সাধারণ সম্পাদক  
মমিনুল ইসলাম জিসান।

এ ছাড়া মনোনয়নপত্র নিয়েছেন ঢাবি শাখার যুগ্ম সাধারণ  
সম্পাদক আবিদুল ইসলাম খান, কবি জসিমউদ্দীন হল শাখার  
আহ্বায়ক তানভীর বারী হামিম, বিজয় একান্তর হল ছাত্রদলের  
আহ্বায়ক তানভীর আল হাদী মায়েরদসহ অন্য ছাত্রদল নেতৃবৃন্দ।

### শিবিরের পূর্ণাঙ্গ প্যানেল

ডাকসু নির্বাচনে ২৮ সদস্যের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে  
ইসলামী ছাত্রশিবির। প্যানেলে সহসভাপতি (ভিপি) পদে আবু  
সাদিক কায়েম, সাধারণ সম্পাদক (জিএস) পদে এস এম  
ফরহাদ, সহসাধারণ সম্পাদক (এজিএস) পদে মহিউদ্দিন খান  
মনোনয়ন পেয়েছেন।

বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ইকবাল হায়দার, আন্তর্জাতিক  
সম্পাদক খান জসিম, ছাত্র পরিবহন সম্পাদক আসিফ আবদুল্লাহ,  
সমাজসেবা সম্পাদক শরিফুল ইসলাম মুয়াজ্জ, ক্রীড়া সম্পাদক  
আরমান হোসাইন, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক

ফাতেমা তাসনিম জুমা, কমন রুম, রিডিং রুম ও ক্যাফেটেরিয়া  
সম্পাদক পদে উম্মে সালমা, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে  
নুরুল ইসলাম সাক্বির, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে এম এম  
আল মিনহাজ, মানবাধিকার ও আইন সম্পাদক সাখাওয়াত  
জাকারিয়া, গবেষণা ও প্রকাশনা সম্পাদক সাজ্জাদ হোসাইন খান,  
ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক মাজহারুল ইসলাম মনোনয়ন  
পেয়েছেন।

কার্যনির্বাহী সদস্য পদে সর্ব মিত্র চাকমা, ইমরান হোসাইন,  
বেলাল হোসেন অপু, জয়েন উদ্দিন সরকার তন্ময়, মিফতাহুল  
হোসাইন আল মারুফ, মাজহারুল ইসলাম মুজাহিদ, রাইসুল  
ইসলাম, সাবিকুন নাহার তামান্না, শাহিউর রহমান, আফসানা  
আক্তার, আবদুল্লাহ আল মাহমুদ, রায়হান উদ্দিন ও আনাস বিন  
মনির মনোনয়ন পেয়েছেন।

## ইমি ও বসুর নেতৃত্বে বাম জোট

ঢাবি কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচনে বাম জোট প্যানেল ঘোষণা  
করেছে। সহসভাপতি (ভিপি) পদে প্রার্থী হয়েছেন শেখ ইতি  
আফরোজ ইমি। সাধারণ সম্পাদক (জিএস) পদে লড়বেন ছাত্র  
ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মেঘমল্লার বসু।  
সহসাধারণ সম্পাদক (এজিএস) পদে প্রার্থী জাবির আহমেদ  
জুবেল।

ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বিপ্লবী ছাত্র মৈত্রী, ছাত্র  
কাউন্সিল, ছাত্র যুব আন্দোলন, পাহাড়ি ছাত্র পরিষদ ও গণতান্ত্রিক  
ছাত্র মঞ্চ এবং সাধারণ শিক্ষার্থীরা এই প্যানেলে রয়েছেন।

বামজোট থেকে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক  
সম্পাদক প্রার্থী হয়েছেন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের ঢাকা  
বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক মোজাম্মেল হক। অন্যান্য পদে  
কারা লড়বেন তা মঙ্গলবার প্রকাশ করা হবে।

### প্যানেল ঘোষণা করেনি বাগছাসও

ঢাবি কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচনে 'বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ'  
প্যানেল থেকে লড়বে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ (বাগছাস)।  
তবে কে কোন পদে নির্বাচন করবেন তা এখনো ঘোষণা হয়নি।

গণতান্ত্রিক ছাত্রসংসদের কেন্দ্রীয় সদস্যসচিব জাহিদ আহসান  
মঙ্গলবার (১৮ আগস্ট) বিকেলে মনোনয়ন ফরম সংগ্রহের পর  
সাংবাদিকদের এ তথ্য জানান। তবে বাগছাসের প্যানেল থেকে  
ভিপি পদে আব্দুল কাদের, জিএস পদে আবু বাকের মজুমদার  
এবং এজিএস পদে আশরেফা খাতুন নির্বাচন করবেন বলে শোনা  
যাচ্ছে।

### বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ প্যানেল

সোমবার (১৮ আগস্ট) দুপুরে মনোনয়নপত্র সংগ্রহের মাধ্যমে  
প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ। ভিপি  
পদে বিন ইয়ামিন মোল্লা, সহসভাপতি পদে সাবিনা ইয়াসমিন,  
এজিএস পদে রাকিবুল ইসলাম মনোনয়ন পেয়েছেন।

বিজ্ঞানের ও প্রযুক্তি সম্পাদক পদে মো. শাকিব খান, সমাজসেবা  
সম্পাদক পদে আরিফুর রহমান, ছাত্র পরিবহন সম্পাদক পদে  
রাশেদ আন আদিব, ক্রীড়া সম্পাদক পদে মুক্তার হোসেন,

মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে আশিক হৃদয়  
আহমেদ, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে রাকিব হোসেন গাজী,  
মানবাধিকার ও আইন সম্পাদক পদে ইশতিয়াক আহমেদ,  
গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে সিয়াম ফেরদৌস ইমন  
মনোনয়ন পেয়েছেন।

### উমামার স্বতন্ত্র প্যানেল

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা  
ফাতেমার নেতৃত্বে ডাকসু নির্বাচনে স্বতন্ত্র প্যানেল হচ্ছে। সোমবার  
(১৮ আগস্ট) দুপুরে উমামা ফাতেমা মনোনয়নপত্র সংগ্রহ করেন।

এই স্বতন্ত্র প্যানেলে ভিপি পদে উমামা ফাতেমা, জিএস পদে ঢাবি  
সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আল সাদী ভূইয়া এবং সহ-  
সাধারণ সম্পাদক (এজিএস) পদে বর্তমান সভাপতি মহিউদ্দিন  
মুজাহিদ মাহী থাকতে পারেন। আগামীকাল (মঙ্গলবার) পূর্ণাঙ্গ  
প্যানেল ঘোষণা করা হবে।

### জামালুদ্দীন ও এনসিপির মাহিন সরকার প্যানেল

স্বাধীন বাংলাদেশ ছাত্র সংসদের আহ্বায়ক জামালুদ্দীন মুহাম্মদ  
খালিদের নেতৃত্বে ভিপি ও জিএস পদে নির্বাচন করবেন এনসিপির  
যুগ্ম সদস্য সচিব মাহিন সরকার। এজিএস পদে ফাতেহা শারমিন  
এ্যানি নির্বাচন করবেন।

### পরবর্তী প্রক্রিয়া

আগামী ২১ আগস্ট পর্যন্ত প্রার্থীদের বাছাই প্রক্রিয়া চলবে। এরপর বিশ্ববিদ্যালয় প্রশাসন চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে।  
নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ২৫ আগস্ট।

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। মোট ভোটার ৩৯ হাজার ৭৭৫ জন; ছাত্র ভোটার ২০ হাজার ৮৭১ জন ও ছাত্রী ভোটার ১৮ হাজার ৯০২ জন। তফসিল অনুযায়ী, ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে ৯ সেপ্টেম্বর। ভোটগ্রহণ সকাল ৮টা থেকে বেলা ৩টা পর্যন্ত চলবে। একই দিনে ফলাফলও ঘোষণা করা হবে।

এর আগে দীর্ঘ ২৮ বছর পর সর্বশেষ ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ২০১৯ সালের ১১ মার্চ। ২০১৯ সালের নির্বাচনে ভিপি নির্বাচিত হন নুরুল হক নুর, জিএস ছিলেন গোলাম রাব্বানী এবং এজিএস পদে নির্বাচিত হন সাদ্দাম হোসেন।

সর্বশেষ ২০১৯ সালের ডাকসু নির্বাচনে মোট ২৫টি পদের বিপরীতে ভোট দিয়েছিলেন ভোটাররা। তবে এবার পদসংখ্যা বেড়েছে। ফলে এবার মোট ২৮টি পদের বিপরীতে লড়বেন প্রার্থীরা।

বিভিন্ন ছাত্রসংগঠন ও শিক্ষার্থীদের দাবির মুখে ৪টি নতুন পদ সৃষ্টি করা হচ্ছে। এসব পদ হচ্ছে গবেষণা ও প্রকাশনা সম্পাদক; ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক; স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক এবং মানবাধিকার ও আইন বিষয়ক সম্পাদক।